অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/28/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ঘোষণা করেছেন যে 2025 সালে MTA 15.8 বিলিয়ন মার্কিন ডলারের রেকর্ড পরিমাণ মূলধনী বিনিয়োগের প্রতিশ্রুতি দিয়েছে

বিনিয়োগ সহজলভ্যতা বৃদ্ধি করছে, ট্রানজিট ব্যবস্থাকে উন্নত রক্ষণাবেক্ষণের স্তরে নিয়ে আসছে এবং সম্প্রসারণ প্রকল্পগুলোকে এগিয়ে নিয়ে যাচ্ছে

কনজেশন প্রাইসিং থেকে অর্থায়িত 5 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প প্রতিশ্রুতি

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA) 2025 সালে রেকর্ড 15.8 বিলিয়ন ডলারের মূলধনী বিনিয়োগের প্রতিশ্রুতি দিয়েছে, যা সংস্থার ইতিহাসে ট্রানজিট অবকাঠামোতে একক বছরে করা বৃহত্তম বিনিয়োগ। এই অঙ্গীকারগুলো পুরো সিস্টেম জুড়ে গুরুত্বপূর্ণ অ্যাক্সেসিবিলিটি বা প্রবেশযোগ্যতার উন্নয়ন, বিদ্যমান অবকাঠামো মেরামত ও রক্ষণাবেক্ষণ এবং বড় ধরনের মেগাপ্রকল্পগুলোকে এগিয়ে নিয়ে যাবে; যার মধ্যে 'কনজেশন রিলিফ' ফান্ড থেকে প্রাপ্ত 5 বিলিয়ন মার্কিন ডলারেরও বেশি অর্থায়ন অন্তর্ভুক্ত রয়েছে। অগ্রসর হওয়া প্রকল্পগুলোর মধ্যে MTA-এর ঐতিহাসিক 2025-2029 মূলধনী পরিকল্পনার আওতায় প্রথম দফার বিনিয়োগও অন্তর্ভুক্ত ছিল, যা গভর্নর Hochul (হোকল) এবং স্টেট আইনসভা কর্তৃক অর্থবছর 2026 অনুমোদিত স্টেট বাজেটে সম্পূর্ণ অর্থায়িত হয়েছে।

"নিউ ইয়র্ক যাতায়াত ব্যবস্থায় আগের চেয়ে অনেক বেশি বিনিয়োগ করছে; আমাদের বর্তমান ব্যবস্থার আধুনিকায়ন এবং আরও বেশি কমিউনিটির কাছে উন্নত যাতায়াত সুবিধা পৌঁছে দিতে রেকর্ড পরিমাণ বিনিয়োগ করা হচ্ছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "MTA-এর মূলধনী বিনিয়োগের এই ঐতিহাসিক বছরটি—যার মধ্যে কনজেশন প্রাইসিং থেকে প্রাপ্ত 5 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পগুলোও অন্তর্ভুক্ত—লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীর যাতায়াত ব্যবস্থাকে উন্নত করবে। এটি নিশ্চিত করবে যে পুরো অঞ্চলের এই প্রাণশক্তি যেন আগামী বহু বছর ধরে যাত্রীদের নিরবচ্ছিন্ন সেবা দিয়ে যেতে পারে।"

MTA চেয়ার এবং CEO Janno Lieber (জ্যানো লিবার) বলেন, "প্রতিশ্রুতির এই রেকর্ড বছরটি শীর্ষস্থানীয় অবকাঠামো উন্নয়নকারী হিসেবে C&D-এর অবস্থানকে আরো সুদৃঢ় করেছে। নিউ ইয়র্কবাসীরা জানতে চান যে কনজেশন রিলিফ থেকে প্রাপ্ত আয় কোথায় যাচ্ছে — এর উত্তর হলো, এই অর্থ সরাসরি ট্রানজিট সিস্টেমেই ফিরে আসছে। এর মাধ্যমে যুক্ত হচ্ছে নতুন

ট্রেনের বগি, আধুনিক সিগন্যাল ব্যবস্থা এবং আরো বেশি ADA অনুমোদিত লিফট। ধন্যবাদ, গভর্নর Hochul (হোকল)!"

মূলধনী পুরস্কার বা বরাদ্দের এই ঐতিহাসিক বছরে ট্রানজিট সিস্টেম জুড়ে নির্ভরযোগ্যতা ও সহজলভ্যতা বৃদ্ধির পাশাপাশি সিস্টেমের প্রসারের লক্ষ্যে সুনির্দিষ্ট বিনিয়োগ অন্তর্ভুক্ত করা হয়েছে।

- **সংকেত ব্যবস্থার উন্নয়ন:** 2 বিলিয়ন মার্কিন ডলার
- **রোলিং স্টক:** 6.6 বিলিয়ন মার্কিন ডলার
- **সম্প্রসারণ:** 2.7 বিলিয়ন মার্কিন ডলার
- **অ্যাক্সেসিবিলিটি:** 500 মিলিয়ন মার্কিন ডলার
- **বাসের আধুনিকায়ন:** 500 মিলিয়ন মার্কিন ডলার
- **সুসংরক্ষণ এবং অন্যান্য প্রোগ্রাম সহায়তা:** 3.4 বিলিয়ন মার্কিন ডলার

MTA গত আগস্টে ইন্টারবরো এক্সপ্রেসের ইঞ্জিনিয়ারিং এবং ডিজাইনের জন্য 166 মিলিয়ন মার্কিন ডলারের একটি বিশাল চুক্তি স্বাক্ষর করেছে, যা প্রকল্পটিকে পরিকল্পনা পর্যায় থেকে সক্রিয় পর্যায়ে উন্নীত করেছে। MTA-এর 2025-2029 ক্যাপিটাল প্ল্যানে ব্রুকলিন এবং কুইন্সের মধ্যকার এই রূপান্তরমূলক ট্রানজিট সম্প্রসারণ প্রকল্পের জন্য 2.75 বিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত করা হয়েছে।

কনজেশন প্রাইসিং থেকে প্রাপ্ত অর্থায়নের ফলে প্রধান প্রকল্পগুলো এগিয়ে চলেছে, যার মধ্যে রয়েছে:

- সেকেন্ড অ্যাভিনিউ সাবওয়ে ফেজ 2 কন্ট্রাক্ট 2 টানেলিংয়ের জন্য। এই বিশাল সম্প্রসারণের কাজ নির্ধারিত সময়ে এবং নির্ধারিত বাজেটের মধ্যেই অগ্রসর হচ্ছে।
- ব্রুকলিন ও কুইন্সের ফুলটন ও লিবার্টি AC লাইনে সিগন্যাল আধুনিকায়ন। নতুন এক কার্যকর ব্যবস্থার কারণে এই প্রকল্পটি আগের সিগন্যাল আধুনিকায়ন প্রকল্পগুলোর তুলনায় মাইল প্রতি 33 শতাংশ কম খরচে সম্পন্ন হচ্ছে।
- 7টি স্টেশনে অ্যাক্সেসিবিলিটি (সহজগম্যতা) উন্নয়নের মধ্যে BDFM7 ট্রেনের ব্রায়ান্ট পার্ক কমপ্লেক্স অন্তর্ভুক্ত রয়েছে। এই অ্যাক্সেসিবিলিটি প্রকল্পগুলোর ব্যয় ইঞ্জিনিয়ারিং অনুমানের চেয়ে 6 শতাংশ কম হয়েছে।

এর পাশাপাশি, 2025 সালে MTA-এর নতুন 2025-2029 ক্যাপিটাল প্ল্যান বা মূলধনী পরিকল্পনার ক্ষেত্রেও অগ্রগতি দেখা গেছে। এর অন্তর্ভুক্ত রয়েছে লং আইল্যান্ড রেল রোডের জন্য 300টিরও বেশি নতুন ট্রেন কারের নতুন চুক্তি এবং এনওয়াইসি ট্রানজিট বাস বহরের জন্য অতিরিক্ত 270টি বৈদ্যুতিক বাস কেনার বিকল্প সুবিধা ব্যবহার।

রেকর্ড সৃষ্টিকারী এই বছরটি 2022 সালের পূর্ববর্তী রেকর্ডকে ছাড়িয়ে গেছে, যখন 11.4 বিলিয়ন মার্কিন ডলারের চুক্তি স্বাক্ষরিত হয়েছিল।

MTA কনস্ট্রাকশন অ্যান্ড ডেভেলপমেন্টের (Construction & Development, C&D) প্রেসিডেন্ট Jamie Torres-Springer (জেমি টরেস-স্প্রিংগার) বলেন, "এই বছরের রেকর্ড-ভাঙা সংখ্যাগুলোই এর সর্বশেষ প্রমাণ যে, নতুন MTA তাদের ক্যাপিটাল প্রোগ্রামগুলো আরো ভালোভাবে, দ্রুততর সময়ে এবং সাশ্রয়ীভাবে সম্পন্ন করছে। অবকাঠামোর যথাযথ রক্ষণাবেক্ষণ এবং অ্যাক্সেসিবিলিটি বা যাতায়াত ব্যবস্থার উন্নয়ন থেকে শুরু করে সিগন্যাল আধুনিকীকরণ এবং প্রধান সম্প্রসারণ প্রকল্পসমূহ—আমরা সমগ্র অঞ্চলজুড়ে এমন সব প্রকল্প এগিয়ে নিয়ে যাচ্ছি যা আগামী এক প্রজন্মের জন্য নিউ ইয়র্কবাসীর জীবনযাত্রার মান উন্নত করবে।"

রেকর্ড সৃষ্টিকারী প্রতিশ্রুতিগুলোর পাশাপাশি, 2025 সালে MTA 6.7 বিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প সম্পন্ন করেছে, যা কেবল 2023 সালের 7.1 বিলিয়ন মার্কিন ডলারের পরেই মূলধনী প্রকল্প সমাপ্তির ক্ষেত্রে দ্বিতীয় শক্তিশালী বছর হিসেবে বিবেচিত।

2025 সালে গ্রাহকরা পুরো সিস্টেম জুড়ে বড় ধরনের সুফল পেয়েছেন, যার মধ্যে রয়েছে সাবওয়ে এবং রেলপথ জুড়ে 41টি লিফট প্রতিস্থাপন এবং 10টি নতুন প্রবেশযোগ্য (অ্যাক্সেসিবল) স্টেশন। রেকর্ডসংখ্যক সেই প্রতিস্থাপনের ফলে প্রকল্পের গড় সময়সীমা 2 মাসেরও বেশি কমেছে।

সম্পন্ন হওয়া অন্যান্য প্রধান প্রকল্পগুলোর মধ্যে ছিল 42 স্ট্রিট কানেকশন (42 St Connection) প্রোগ্রামের অংশ হিসেবে গ্র্যান্ড সেন্ট্রালে যাতায়াত ব্যবস্থার উন্নয়ন, যার ফলে 46.5 মিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় হয়েছে; ব্রুকলিনে নিউ ইয়র্ক সিটির নতুন 'রেল কার এক্সেপ্টেন্স ফ্যাসিলিটি' (Rail Car Acceptance Facility)-র উদ্বোধন এবং ভেরাজানো-ন্যারোস ব্রিজের (Verazzano-Narrows Bridge) নিচের তলার প্রধান স্প্যান ডেকের সংস্কার কাজ। এ ছাড়াও, গত শরতে MTA কাওয়াসাকিকে 378টি নতুন R268 সাবওয়ে কার তৈরির কার্যাদেশ দিয়েছে, যা শেষ পর্যন্ত প্রায় 50 বছরের পুরনো কারগুলোকে প্রতিস্থাপন করবে এবং নির্ভরযোগ্যতা ও কর্মক্ষমতা বৃদ্ধি করবে।

মেগাপ্রজেক্ট বা বৃহৎ প্রকল্পগুলোও উল্লেখযোগ্য অগ্রগতি অর্জন করেছে। পার্ক অ্যাভিনিউ ভায়াডাক্ট—যা একটি উঁচু ইস্পাত কাঠামো এবং গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনালে আসা-যাওয়া করা মেট্রো-নর্থ রেলরোডের সমস্ত ট্রেনের চলাচলের জন্য চারটি ট্র্যাক বহন করে—তার সম্পূর্ণ প্রতিস্থাপনের প্রথম ধাপে ব্রিজ পরিবর্তনের কাজ নির্ধারিত সময়ের 21 মাস আগে এবং বাজেট থেকে 93 মিলিয়ন মার্কিন ডলার কম খরচে সম্পন্ন হয়েছে। আরো দক্ষিণে, গ্র্যান্ড সেন্ট্রাল সংলগ্ন মেট্রো-নর্থ ট্র্যাকের ওপর অবস্থিত পার্ক অ্যাভিনিউ এবং চারপাশের আকাশচুম্বী অট্টালিকাগুলোকে ধরে রাখা গ্র্যান্ড সেন্ট্রাল ট্রেন শেড পুনর্নির্মাণের সময় আরো সাশ্রয় করা সম্ভব হয়েছে। এর প্রথম পর্যায়ের কাজ বাজেট থেকে 20 মিলিয়ন ডলার কম খরচে সম্পন্ন হয়েছে এবং দ্বিতীয় পর্যায়ের জন্য 75 মিলিয়ন মার্কিন ডলারের বেসরকারি অর্থায়ন নিশ্চিত করা হয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন